দৈনিক ইত্তেফাক

33

তারিখ ... JAN. 27-2000 ...
পৃষ্ঠা 57 কলাম 7

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
## ঢাকা

নং ৪৬৩ তারিখ ঃ ২৪-১-২০০০

# পুনঃ জরুরী বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০০০ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রায় ২৯০০০ (উনত্রিশ হাজার) ছাত্র/ছাত্রীর রেজিস্ট্রেশন সংক্রান্ত তথ্যসমূহে নানা ধরনের অসংগতি পরিলক্ষিত হওয়ায় সংশ্লিষ্ট কলেজসমূহে উক্ত ছাত্র/ছাত্রীদের কম্পিউটারাইজড প্রব্লেমেটিক রেজিস্ট্রেশন প্রিন্ট আউট প্রেরণ করা হয়। তাছাড়া কয়েকটি জাতীয় দৈনিকে এ সম্পর্কিত বিজ্ঞপ্তি প্রকাশ এবং সংশ্লিষ্ট কলেজসমূহে পত্র প্রেরণ করে ঐ সকল ছাত্র/ছাত্রীর রেজিস্ট্রেশন সংক্রান্ত জটিলতা দূরীকরণের লক্ষ্যে তাদের এসএসসি/ সমমানের পরীক্ষার মূল নম্বরপত্র ও মূল রেজিস্ট্রেশন কার্ড বোর্ডে জমা দেওয়ার জন্য কলেজ কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হয়। কিন্তু আজ অবধি অনেক কলেজ হতে এতদসংক্রান্ত প্রামাণ্য কাগজপত্র পাওয়া যায়নি।

এমতাবস্থায়, এই বিজ্ঞপ্তি প্রকাশের ৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীর এসএসসি/সমমানের পরীক্ষার মূল নম্বরপত্র ও মূল রেজিস্ট্রেশন কার্ড জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারীর দফতরে জমা দেওয়ার জন্য পুনরায় অনুরোধ জানানো হলো। অন্যথায়, রেজিস্ট্রেশন প্রদান করা সম্ভব না হলে এর দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে বহন করতে হবে এবং বোর্ডের উপর তা কোনক্রমেই বর্তাবে না।

প্রফেসর মোঃ আবদুল হামিদ
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

পি-৮৫/২০০০